

2023-12

IUB Theatre stages classic folk play 'Dewana Madina'

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1110>

Downloaded from IUB Academic Repository

আইইউবিতে মঞ্চস্থ হলো পালা নাটক ‘দেওয়ানা মদিনা’

✍ জাগো নিউজ ডেস্ক

🕒 প্রকাশিত: ১২:১৩ পিএম, ৩০ নভেম্বর ২০২৩



নতুন প্রজন্মের কাছে বাংলার লোক ঐতিহ্যকে তুলে ধরতেই ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি) এর থিয়েটারে মঞ্চস্থ হয়ে গেলো পালা নাটক দেওয়ানা মদিনা।

মঙ্গলবার (২৮ নভেম্বর) আইইউবি ক্লাবের পরিবেশনায় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে দেশব্যাপী চিরায়ত বাংলা নাটক মঞ্চায়ন কর্মসূচির অংশ হিসেবে এর আয়োজন করা হয়। মনসুর বয়াতি রচিত এ পালা নাটকের নির্দেশনায় ছিলেন মো. শামীম সাগর এবং সহ-নির্দেশনায় মো. সাইফুল ইসলাম।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর পরিকল্পনায় ৬৪টি জেলা ও ১৪টি বিশ্ববিদ্যালয়ে এ কর্মসূচি পরিচালিত হচ্ছে। দেওয়ানা মদিনা এ কর্মসূচির তৃতীয় এবং আইইউবি থিয়েটারের ২১তম প্রযোজনা।

দর্শক সারিতে উপস্থিত থেকে নাটকটি উপভোগ করেন আইইউবির উপাচার্য তানভীর হাসান, বাংলাদেশ শিল্পকলা একাডেমির নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের উপ-পরিচালক আলী আহমেদ মুকুল, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরমেন্স বিভাগের সহযোগী অধ্যাপক আল জাবির, আইইউবি থিয়েটারের সমন্বয়ক মমতাজ পারভীন।

মনসুর বয়াতি রচিত দেওয়ানা মদিনা পালাটি মৈমনসিংহ-গীতিকা সংগ্রহের অন্যতম শ্রেষ্ঠ গীতিকা হিসেবে সমাদৃত। বানিয়াচঙ্গের দেওয়ান সোনাফরের পুত্র আলাল ও দুলালের বিচিত্র জীবনী কাহিনী এবং দুলাল ও গৃহস্থ মদিনার প্রেমকাহিনী এ পালার বিষয়বস্তু।

নাটকটিতে অভিনয় করেন আইইউবির নাট্যকর্মী শিক্ষার্থী আনিকা বৃশরা শশী, মো. বাসিতুল্লাহ খান, মো. তৌহিদুল ইসলাম অংকুর, সানজিদা আক্তার মীম, আশরাফুল করিম চৌধুরী, আব্দুল্লাহ আল মাহিন সিয়াম, মুবাল্লিক হোক মুধা (আবিদ), সৌহার্দ্য পাল, সামিয়া রেজা মাইশা, আনিকা ফাইরোজ, মো. সৌমিক উদ্দিন মাহি, মোছা. সাদিয়া আফরিন অর্না, মুবাশশির আল জামী সিয়াম।

সংগীত সহযোগিতায় ছিলো ভিনস ব্যান্ড, জাহিদ হাসান, শ্লাঘা অধিকারী, শরীফ মোহাম্মদ শাহজালাল পরান, এস এম শাকিল আমিন এবং আইইউবি মিউজিক ক্লাব।

এসআইটি/জিকেএস